



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নং: এফআইডি/২০৩/০২/০২/২০২৩-১৫৫০

তারিখ : ২০ বৈশাখ ১৪৩০
০৩ মে ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়।

ওয়েবসাইটে আর্থিক সাক্ষরতা বিষয়ক কনটেন্ট সংবলিত 'Financial Literacy' ট্যাব সংযোজন করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক ২৭/০৩/২০২২ তারিখের এফআইডি সার্কুলার নং-০১/২০২২ এর মাধ্যমে জারিকৃত Financial Literacy Guidelines for Banks and Financial Institutions এর ৫.২.৯ নং অনুচ্ছেদ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত গাইডলাইনে দেশের নির্দিষ্টকৃত জনগোষ্ঠীর আর্থিক সাক্ষরতা বৃদ্ধিকল্পে স্বল্প ও দীর্ঘমেয়াদী বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার অংশ হিসেবে ৫.২.৯ নং অনুচ্ছেদে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের স্ব স্ব ওয়েবসাইটে আর্থিক সাক্ষরতা বিষয়ক কনটেন্ট সংবলিত 'Financial Literacy' ট্যাব সংযোজন করার পরামর্শ প্রদান করা হয়েছে। উদ্যোগটি গ্রহণ করা হলে আপনাদের ওয়েবসাইট ব্যবহারকারী জনগণ উক্ত ট্যাবের অধীনে সংরক্ষিত কনটেন্ট সমূহ হতে তথ্য/উপাত্ত আহরণের মাধ্যমে আর্থিক সাক্ষরতা বিষয়ক জ্ঞান লাভ করতে পারবেন। এ লক্ষ্যে আপনাদের নিম্নোক্ত পরামর্শ প্রদান করা যাচ্ছেঃ

- আপনাদের ওয়েবসাইটের হোম পেজে সহজেই দৃষ্টিগোচর হয় এমন অংশে Financial Literacy নামে (বাংলা হলে 'আর্থিক সাক্ষরতা') ট্যাব স্থাপন;
- আপনাদের প্রস্তুতকৃত আর্থিক সাক্ষরতা বিষয়ক বিভিন্ন কনটেন্ট (লেখা, ভিডিও, ইনফোগ্রাফিক্স, চিত্র, অ্যানিমেশন ইত্যাদি) উক্ত ট্যাবের অধীনে প্রদর্শন ও নিয়মিত হালনাগাদকরণ; এবং
- Financial Literacy ট্যাব বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে জনগণকে অবহিতকরণ।

০৩। ০২ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা পরিপালনের বিষয়ে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন (ট্যাবের লিংক ও স্ক্রীনশট সহ) পরিচালক (এফআইডি), ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিলের জন্য আপনাদের পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রিয়াংকা ভট্টাচার্য্য)

সহকারী পরিচালক

ফোনঃ ০২৫৫৬৬৫০০১-৬/২২৫২৯

ইমেইলঃ priyanka.bhattacharjee@bb.org.bd